

# তীব্র গরমে এবার সকল মাদরাসাও বন্ধ ঘোষণা

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ১৩:২১, ২১ এপ্রিল ২০২৪



দেশের সব মাদরাসাও বন্ধ রাখার ঘোষণা দেওয়া হয়েছে

তীব্র তাপপ্রবাহের কারণে স্কুল-কলেজের পর এবার দেশের সব মাদরাসাও বন্ধ রাখার ঘোষণা দেওয়া হয়েছে।

শনিবার (২০ এপ্রিল) মাদরাসা অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) জাকির হোসেনে স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, তীব্র তাপপ্রবাহের কারণে স্বাস্থ্য মন্ত্রণালয় ও আবহাওয়া অধিদপ্তরে পরামর্শক্রমে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে মাদরাসা শিক্ষা অধিদপ্তরাধীন সকল সরকারি বেসরকারি মাদরাসা প্রতিষ্ঠানের ছুটি আগামী ২৫ এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হলো। ২৬ ও ২ এপ্রিল শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকায় ২৮ এপ্রিল মাদরাসা যথারীতি খুলবে। তাে আবহাওয়ার উন্নতি বা অবনতি ঘটলে এ আদেশ পরিবর্তিত হতে পারে।

এর আগে, একই কারণে আগামী ২৭ এপ্রিল পর্যন্ত দেশের সব মাধ্যমিক স্কুল ও কলেজ ছুটি ঘোষণা করে বিজ্ঞপ্তি দেয় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

---

এবি